দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 17 1999

পৃষ্ঠা ৪ কলাম ৪

84

## শিক্ষিকাদের আন্তঃজেলা বদলি প্রসঙ্গে

সরকারী প্রাথমিক শিক্ষিকাদের আন্তঃথানা, আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় বদলি সেপ্টেম্বর '৯৭ হইতে বন্ধ রহিয়াছে। বর্তমান সরকার শিক্ষিকার নিয়োগ পরবর্তী বৈবাহিক দিক বিবেচনা করিয়া স্বামীর স্থায়ী ঠিকানায় বদলির সুবিধা প্রদান করেন। কিন্তু দীর্ঘদিন ধরিয়া বদলিতে স্থগিতাদেশ থাকায় সেই সুবিধা হইতে শিক্ষিকাগণ বঞ্চিত। ফলে শ্বশুরালয় কিংবা স্বামীর স্থায়ী আবাসস্থল হইতে বহু দূরে অবস্থান করিয়া শিক্ষিকাগণ চাকুরী করিতেছেন। ইহাতে তাহাদের দাম্পত্য জীবনের শান্তি বিঘ্নিত হইতেছে। শিক্ষিকাগণ বদলিজনিত সমস্যার কারণে না পারিতেছেন সুষ্ঠুভাবে চাকুরী করিতে, না পারিতেছেন চাকুরী ত্যাগ করিতে। এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে শিক্ষিকাদের তাহাদের স্বামীর স্থায়ী ঠিকানায় বদলির বিষয়টি বিবেচনা করা একান্ত প্রয়োজন। আর তাই আন্তঃজেলা বদলিতে আরোপিত অযৌক্তিক স্থগিতাদেশ, অনতিবিলম্বে প্রত্যাহারের জন্য মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ মহিতুর রহমান রানা
ধাপ শ্যামলী লেন, রংপুর